জনাব এস এম রশিদুল হক পিপিএম, অ্যাডিশনাল ডিআইজি (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স), রংপুর রেঞ্জ, রংপুর মহোদয় প্রশাসনিক কাজে ব্যস্ত থাকায় অনুমতিক্রমে জনাব মোঃ আকতার হোসেন, পুলিশ সুপার (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স), রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর এর সভাপতিত্বে গত ২৯/০২/২০২৪ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় রেঞ্জ অফিস, রংপুর সম্মেলন কক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) (২০২৩-২০২৪) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্তে নৈতিকতা কমিটি কর্তৃক অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ-

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় ধারাবাহিক ভাবে গত ২৭/১১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

গত সভার নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি ঃ

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্তে নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিতসভার যাবতীয় তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে এবং প্রমাণক হিসেবে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় প্রেরণের নিমিত্তে Screenshot Copy সংরক্ষণ করা হচ্ছে। এ বিষয়ে ইনচার্জ, আইসিটি এন্ড মিডিয়া শাখা, রেঞ্জ দপ্তর, রংপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রেখেছেন।
- অত্রাফিস আদেশ নং-৪৯৬ তারিখ- ১৩/০৭/২০২৩ খ্রিঃ মূলে কার্যবন্টন তালিকানুযায়ী সংশ্লিষ্ট স্ব-স্ব শাখার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ (এপিএ) এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে সংশ্লিষ্টতানুযায়ী অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত আছে।
- প্রমাণকসহ ত্রৈমাসিক প্রতিবেদন পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণে লক্ষ্যে অত্রাফিসের প্রত্যেক শাখা কর্তৃক সংশ্লিষ্টতানুযায়ী কর্মসম্পাদন সূচকসমূহের প্রমাণক যথাসময়ে অপরাধ শাখায় প্রদান করা হচ্ছে।

সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) (২০২৩-২০২৪) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্তে আলোচনা শেষে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়।

- গত ১৪/০১/২০২৪ খ্রিঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কম-পরিকল্পনা ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের নিমিত্তে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা কর্তৃক আয়োজিত সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২৩-২০২৪ এর সংযোজনী ৪ এ বর্নিত আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্তে অত্রাফিস হতে প্রেরিত অর্জিত ফলাফল প্রতিবেদন ও প্রমাণক অসম্পূর্ণ। তা নিম্নরূপ ঃ-

  ক) ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি। যা এস্টেট অ্যান্ড ট্রান্সপোর্ট শাখা হতে এ সংক্রান্তে ২য় ত্রৈমাসিক প্রতিবেদনে অর্জন শুন্য দেখানো হয়েছে।

  খ) ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। যা এস্টেট অ্যান্ড ট্রান্সপোর্ট শাখা হতে এ সংক্রান্তে ২য় ত্রৈমাসিক প্রতিবেদনে অর্জন শুন্য দেখানো হয়েছে।

  গ) ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ। যা ট্রাফিক এন্ড অপারেশন্স শাখা হতে যথাযথ সম্পূর্ণ প্রমাণক পাওয়া যায় নাই।

  ঘ) ৩.৪ দুর্নীতি প্রতিরোধে জন সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা সভা। যা ট্রাফিক এন্ড অপারেশন্স শাখা হতে ত্রৈমাসিক প্রতিবেদনে ২ টি প্রচারণার তথ্য প্রদান করলেও সংশ্লিষ্ট প্রমাণক পাওয়া যায় নাই।

  ভবিষ্যতে সঠিকভাবে অত্রাফিস আদেশ নং-৪৯৬ তারিখ- ১৩/০৭/২০২৩ খ্রিঃ মূলে কার্যবন্টন তালিকার সংশ্লিষ্টতানুযায়ী স্ব-স্ব শাখার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ (এপিএ) এর বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ৩য় কোয়ার্টারের সকল প্রমাণক যথাসময়ে অপরাধ শাখায় প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

- অত্রাফিস আদেশ নং-৪৯৬ তারিখ- ১৩/০৭/২০২৩ খ্রিঃ মূলে কার্যবন্টন তালিকানুযায়ী সংশ্লিষ্ট স্ব-স্ব শাখার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ (এপিএ) এর ৩য় কোয়ার্টারের (০১/০১/২০২৪ হতে ৩১/০৩/২০২৪ খ্রিঃ পর্যন্ত) লাক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যদি কোন কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন না হয়ে থাকে তবে তা অর্জনে অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্তে নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিতসভার যাবতীয় তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং প্রমাণক হিসেবে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় প্রেরণের নিমিত্তে Screenshot Copy সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে ইনচার্জ, আইসিটি এন্ড মিডিয়া শাখা, রেঞ্জ দপ্তর, রংপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪.০৩.২৪

(মোঃ আকতার হোসেন)
বিপি-৭৮০৬১১৯৭৩৭
পুলিশ সুপার (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর।

CamScanner

স্মারক নং-রং-রেঞ্জ/অপরাধ/ ২০৬৮(২২)  তারিখ-০৪/০৩/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ-
১। ডিআইজি, রংপুর রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রংপুর। (সদয় অবগতির জন্য)
২। অ্যাডিশনাল ডিআইজি, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স/ক্রাইম ম্যানেজমেন্ট/অপারেশনস, রংপুর রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রংপুর।
৩। পুলিশ সুপার, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স/ক্রাইম ম্যানেজমেন্ট/ট্রাফিক অ্যান্ড অপারেশনস, রেঞ্জ দপ্তর, রংপুর।
৪। স্টাফঅফিসার টু-ডিআইজি, রেঞ্জ দপ্তর, রংপুর।
৫। পুলিশ পরিদর্শক, অপরাধ/ফোর্স শাখা, রেঞ্জ দপ্তর, রংপুর।
৬। ইনচার্জ ..................................(সকল) শাখা, রেঞ্জ দপ্তর, রংপুর।
৭। প্রধান সহকারী, রেঞ্জ দপ্তর, রংপুর।
৮। স্টেনো-টু ডিআইজি, রেঞ্জ দপ্তর, রংপুর।
৯। অফিসনথি।

অনুলিপি জ্ঞাতার্থেঃ
১। অ্যাডিশনাল ডিআইজি (রিসার্চ, প্ল্যানিং অ্যান্ড ইনোভেশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

০৪.০৩.২৪

(মোঃ আকতার হোসেন)
বিপি-৭৮০৬১১৯৭৩৭
পুলিশ সুপার (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ফিন্যান্স)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর।

CamScanner